

জন্ম নিবন্ধন-স্মার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>
ইমেইল: onlinebris@gmail.com

জন্ম একবার
নিবন্ধন-ও একবার।

স্মারক নং: স্বাসবি/জমনিপ্র/প্রপকা/ডিজিআইএল-৫২/২০১৪-৫১৪

তারিখ: ১৯-৮-১৪২০
৩-১২-২০১৪

বিষয়: প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) প্রদানের সুবিধার্থে বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় জন্ম নিবন্ধন সনদ প্রণয়ন প্রসঙ্গে।

সূত্র: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১১-১১-২০১৪ তারিখের স্মারক নং- ৪৪.০০.০০০০.০৩৮.০১.০০২.১৩/২৬৬৬।

আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিধান অনুযায়ী ২০১৫ সালের নভেম্বরের পরে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) ছাড়া কোন ব্যক্তিই বিদেশে ভ্রমণ করতে পারবেন না। এরই আলোকে প্রবাসে বসবাসকারী বিপুল সংখ্যক বাংলাদেশীর উক্ত সময়ের মধ্যে MRP নিশ্চিত করতে সরকার বেসরকারি প্রতিষ্ঠানকে নিয়োগ প্রদান করেছে। MRP প্রদানের জন্য জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ থাকা অপরিহার্য। একারণে সরকার কর্তৃক নিযুক্ত বেসরকারি প্রতিষ্ঠান IRIS Corporation Berhad Consortium বা তাদের সহযোগী প্রতিষ্ঠান DG Infotech Ltd. অনলাইনে কোন ব্যক্তির স্থায়ী ঠিকানার অনুকূলে অনলাইনে জন্ম নিবন্ধনের আবেদন পাঠালে প্রয়োজনীয় যাচাই বাছাই করে উপযুক্ত ক্ষেত্রে জন্ম নিবন্ধন করতে হবে।


এতদসঙ্গে যুক্ত অনলাইন আবেদনপত্রটি একজন প্রবাসী বাংলাদেশীর। আবেদনপত্রটির সঙ্গে উক্ত ব্যক্তির পাসপোর্টের অনুলিপি যুক্ত রয়েছে। আবেদনপত্রটিতে উক্ত ব্যক্তির পিতা/মাতা/অভিভাবক এর স্বাক্ষর ও প্রয়োজনীয় ফি গ্রহণপূর্বক নিবন্ধন করে উক্ত ব্যক্তির পিতা/মাতা/অভিভাবক এর নিকট সনদটি হস্তান্তর করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কার্যার্থে:

- ১। মেয়র,..... সিটি কর্পোরেশন.....
- ২। মেয়র,..... পৌরসভা,.....
- ৩। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার,..... ক্যান্টনমেন্ট বোর্ড.....
- ৪। চেয়ারম্যান,..... ইউপি,..... উপজেলা,..... জেলা।

জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন- ৯৫৫৬৬০৬
ফ্যাক্স- ৯৫৫২৩৮১
মোবা-০১৭১৬ ২০৬৫৫৭